



**GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের স্নাতক (সম্মান) ১ম বর্ষের (ইউনিট-B)
পরীক্ষা অনুষ্ঠিত**



৩ মে ২০২৪-শুক্রবার GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষায় ইউনিট-B (মানবিক শাখা) এর পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা চলাকালীন সময়ে উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি বিভিন্ন হল পরিদর্শন করেন। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, আইন অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম মাসুম বিল্লাহ, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগম, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, প্রক্টর অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন এবং পরিচালক (পিআরআইপি) মোঃ তানভীর আহসান সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

আজকের ভর্তি পরীক্ষায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্র ও এর আওতায় থাকা উপকেন্দ্রগুলোতে (উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ, মতিঝিল গার্লস স্কুল)



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



গার্লস হাই স্কুল এবং ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ) ১৯ হাজার ৭৭৩ জন পরীক্ষার্থীর আসন বিন্যাস করা হয়। তন্মধ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রে ১২,৩৫২ জন পরীক্ষার্থীর আসন বিন্যাস করা হয়। B- ইউনিট ভর্তি পরীক্ষায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রে উপস্থিতির শতকরা হার ৮৭.৫০।